DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 12:26 PM

বিনোদন

# দীর্ঘ বিরতির পর আবারও প্লেব্যাকে ন্যান্সি-ইমরান

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বুধবার, ০১ জুলাই ২০২৬, ০৭:৩৯ PM




বাংলা গানের জনপ্রিয় দুই কণ্ঠশিল্পী নাজমুন মুনিরা ন্যান্সি ও ইমরান মাহমুদুল আবারও একসঙ্গে গাইলেন। দীর্ঘদিন পর তাঁদের কণ্ঠ মিলছে একটি চলচ্চিত্রের গানে। নতুন এই দ্বৈত গানটি থাকছে শিকার সিনেমায়।

দুজন মিলে বাঁচব এক জীবন শিরোনামের রোমান্টিক গানটির কথা লিখেছেন কবির বকুল। গানটির সুর ও সংগীতায়োজন করেছেন ইমরান মাহমুদুল। জানা গেছে, গত রবিবার গানটির রেকর্ডিং সম্পন্ন হয়েছে।

নতুন গান নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করেছেন ন্যান্সি বলেন, ইমরানের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা সবসময়ই দারুণ। গানটির কথা ও সুর এত চমৎকার যে শ্রোতাদের হৃদয় ছুঁয়ে যাবে। অনেক দিন পর মনের মতো একটি চলচ্চিত্রের গান গাইলাম।

ন্যান্সির সঙ্গে নতুন গান নিয়ে ইমরান মাহমুদুল বলেন, বাংলা গানের অনন্য কণ্ঠ ন্যান্সি। তাঁর সঙ্গে দ্বৈত গান মানেই আমার জন্য বিশেষ কিছু। তাই নতুন গানটি করেও ভীষণ আনন্দিত।

কামরুজ্জামান রোমান পরিচালিত শিকার সিনেমার প্রধান দুই চরিত্রে অভিনয় করছেন অপু বিশ্বাস ও মুরতজা পলাশ। থ্রিলারধর্মী এ সিনেমার পুরো শুটিং হবে নেপালে। এ সপ্তাহেই শুটিংয়ের জন্য দেশটিতে যাচ্ছেন সিনেমার শিল্পী ও কলাকুশলীরা। অপু বিশ্বাস ও মুরতজা পলাশ ছাড়াও শিকার সিনেমায় অভিনয় করছেন বড়দা মিঠু, রাশেদ মামুন অপুসহ আরো অনেকে।

---

## এ বিভাগের আরও খবর



**শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান শাকিরার**

ভেনেজুয়েলার শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন কলম্বিয়ান পপসম্রাজ্ঞী শাকিরা। গত ২৪ জুনের প্রলয়ংকরী ভূমিকম্পে শিক্...



**বাংলার পর্যটনশিল্পের নতুন মুখ সানি লিওন**

সানি লিওন নাকি মন্দারমণিতে। এমন খবরে নেটিজেনদের মাঝে শোরগোল। একবার পছন্দের অভিনেত্রীর দর্শন কি পেতে পারেন তার ভক্ত-অনুরাগীরা? এ নিয়ে সামাজি...



**প্রথমবার একসঙ্গে বড় পর্দায় আরিফিন শুভ ও কেয়া পায়েল**

ঢালিউডের জনপ্রিয় চিত্রনায়ক আরিফিন শুভ এবং ছোট পর্দার তুমুল জনপ্রিয় অভিনেত্রী কেয়া পায়েল প্রথমবার একসঙ্গে জুটি বেঁধে বড় পর্দায় আসছেন। ওটিটি প...



**বিশ্বকাপ ফুটবল: কোন তারকা কোন দলের সমর্থক?**

বিশ্বকাপ ফুটবল ঘিরে উন্মাদনা শুরু হলেই বাংলাদেশ যেন রঙে রঙে ভাগ হয়ে যায়। দেশের অলিগলি থেকে শুরু করে সামাজিক যোগাযোগমাধ্যম সবখানেই চলে প্রিয়...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/Entertainment-Nancy